

গিনেস বুক রোনালদো

- A Monitor Desk Report

Date: 04 September, 2021



ইরানের আলি দাইয়ের রেকর্ড টপকে গিনেস বুক অব রেকর্ডে নাম তুললেন ক্রিশ্চিয়ানো রোনাল্ডো। ফুটবলে আন্তর্জাতিক মঞ্চে সব থেকে বেশি গোল করার জন্য এই কৃতিত্ব পেলেন তিনি। ফেসবুকে সেই ছবি পোস্ট করে জানালেন তিনি নিজেই।

পর্তুগিজ অধিনায়ক আয়ারল্যান্ডের বিরুদ্ধে দুটি গোল করেন। সেই সঙ্গে ১৮০টি আন্তর্জাতিক ম্যাচে তাঁর গোল সংখ্যা দাঁড়াল ১১১। গিনেস বুক অব রেকর্ডের তরফে দেওয়া হয় প্রশংসাপত্র। সেই ছবি পোস্ট করে রোনাল্ডো লেখেন, ‘গিনেস বুক অব রেকর্ডকে ধন্যবাদ। ভাল লাগে রেকর্ড ভাঙার জন্য পরিচিত হতে। চেষ্টা করব এই সংখ্যা আরও বাড়িয়ে নিতে।’

সম্প্রতি নিজের পুরনো ক্লাব ম্যাঞ্চেস্টার ইউনাইটেডে সই করেছেন রোনাল্ডো। সেখানে সাত নম্বর জার্সি পরেই খেলবেন তিনি। শূক্রবার সে কথা জানিয়ে দিয়েছে ম্যাঞ্চেস্টার। তবে এখন রোনাল্ডো ব্যস্ত পর্তুগালের হয়ে খেলার জন্য। ১১ সেপ্টেম্বর নিউক্যাসলের বিরুদ্ধে ম্যাঞ্চেস্টারের জার্সি গায়ে মাঠে দেখা যেতে পারে তাঁকে।